

## বাংলাদেশ জুট কর্পোরেশন

আদমজী কোর্ট এনেক্স ভবন-২  
১১৯-১২০ মতিঝিল বা/এ, ঢাকা।  
[www.bjc.gov.bd](http://www.bjc.gov.bd)

সূত্রঃ ২৪.০৮.০০০০.০০৪.২৮.৩১৪.১৮/৪৬৩

তারিখঃ ২৩-০৪-২০১৮ ইং।


### বিজ্ঞপ্তি

বাংলাদেশ জুট কর্পোরেশন-এর মালিকানাধীন দেশের বিভিন্ন স্থানে অবস্থিত গোড়াউন, খালি জায়গা/পুকুর ও অন্যান্য স্থাপনাসমূহ নির্ধারিত 'ছকে' আগামী ১লা জুলাই ২০১৮ থেকে বাৎসরিক/ (একসনা) লীজ প্রদানের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন পত্র জমা দানের সর্বশেষ তারিখ ৩০/০৬/২০১৮। বিজেসি'র ওয়েব সাইটে সংস্থার স্থাপনা/খালি জায়গার বিবরণ ও আবেদন পত্রের ছক প্রকাশ করা হয়েছে। (বিজেসি'র ওয়েব সাইট- [www.bjc.gov.bd](http://www.bjc.gov.bd))

০২। যে সমস্ত ভূ-সম্পত্তির সর্বশেষ ২০০১ সালে বা তৎপূর্বে বিক্রয় চুক্তি করা হয়েছিল। এতে উল্লেখ ছিল যে, চুক্তির শর্ত অনুযায়ী সম্পূর্ণ মূল্য পরিশোধের মাধ্যমে বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন হবে। কিন্তু অনেক ক্ষেত্রে জমির মূল্য সম্পূর্ণ পরিশোধ করা হয়নি। চুক্তির শর্ত ভঙ্গের কারণে বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন হয়নি বিধায় চুক্তি বাতিল বলে গণ্য হবে। ফলে চুক্তির শর্ত ভঙ্গ ও নীতিমালা অনুসৃত না হওয়ায় এ সকল ক্ষেত্রে ভূমি বা সম্পত্তির উপর কোন প্রকার স্বত্ত্ব সৃষ্টি হয়নি। এ সকল সম্পত্তি নতুন করে বাৎসরিক লীজের আওতায় আসবে। তাছাড়া, যে সমস্ত বাৎসরিক লীজ ইতিমধ্যে মেয়াদ উত্তীর্ণ হয়েছে অথবা আগামী ৩০ শে জুন ২০১৮ তারিখে অবসান হবে অথবা কখনো লীজ দেয়া হয়নি, ঐ সকল সম্পত্তিও ১লা জুলাই ২০১৮ থেকে "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে নতুন আবেদনে লীজের আওতায় আসবে। এ ক্ষেত্রে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৩। বিজেসি'র লীজকৃত সম্পত্তি স্বয়ংক্রিয়ভাবে নবায়ন যোগ্য নয়। বিষয়টি স্পষ্টভাবে পুনরায় সকলকে অবহিত করা হলো।

০৪। এই বিজ্ঞপ্তিটি সকলের নিকট চূড়ান্ত নোটিশ হিসেবে বিবেচিত হবে।



২৬/০৪/১৮

(শেখ মোঃ শামীম ইকবাল)

চেয়ারম্যান

ফোন-৯৫৫৭৫১১